সারাংশ

সিটিওয়াইড কাউন্সিল অন ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স ১১জন ভোটাধিকারসম্পন্ন এবং একজন ভোটাধিকারহীন শিক্ষার্থী সদস্য নিয়ে গঠিত। ভোটাধিকারসম্পন্ন ৯জন সদস্যকে হতে হবে এই প্রবিধানে নির্দেশিত প্রক্রিয়া অনুযায়ী নির্ধারিত দ্বিভাষী বা ইংলিশ অ্যাজ এ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ (দ্বিতীয় ভাষা হিশেবে ইংরেজি বা "ইএসএল") কর্মসূচির শিক্ষার্থীদের পিতামাতা এবং অবশিষ্ট দুইজন ভোটাধিকারসম্পন্ন সদস্য নিযুক্ত হবেন এনওয়াইসি পাবলিস অ্যাডভোকেট দ্বারা। এই প্রবিধান সিসিইএলএল সদস্যদের যোগ্যতার শর্তাবলি এবং নির্বাচন প্রক্রিয়ার বিস্তারিত ব্যাখ্যা দেয়। এছাড়াও এটি শূন্যপদ পূরণের প্রক্রিয়াও ব্যাখ্যা করে। নিউ ইয়র্ক ওপেন মিটিং আইন অনুযায়ী সিসিইএলএল-কে তার সকল দায়দায়িত্ব পালন করতে হবে।

I. *যোগ্যতা*

A. পিতামাতা এবং পাবলিক অ্যাডভোকেটের নিযুক্ত সদস্য

1. শুধু দ্বিভাষী বা ইএসএল কর্মসূচির শিক্ষার্থীদের (ইএলএল শিক্ষার্থী) পিতামাতাগণ[১] সিসিইএলএল-এর পদের জন্য নিজে নিজে প্রার্থী হতে পারবেন।

2. আইন অনুযায়ী নিম্নলিখিত ব্যক্তিগণ প্রার্থী হতে পারবেন না:

   a. যিনি কোন নির্বাচিত সরকারি পদে দায়িত্ব পালন করছেন কিংবা পার্টির কোন নির্বাচিত বা মনোনীত বা পদে নিযুক্ত আছেন (জাতীয়, স্টেট, বিচার বিভাগীয় কিংবা অন্য কোন পার্টির সম্মেলন, অথবা কোন কাউন্টি কমিটির প্রতিনিধি বা বিকল্প প্রতিনিধি ব্যতীত) এমন ব্যক্তি;

   b. ডিপার্টমেন্ট অব এডুকেশনের (ডিওই) বর্তমান কর্মচারী;

   c. যে ব্যক্তিগণ কোন অপরাধের জন্য শাস্তিপ্রাপ্ত হয়েছেন বা সিটিওয়াইড কাউন্সিল বা কম্যুনিটি এডুকেশন কাউন্সিলের (সিইসি) দায়িত্বের সাথে সরাসরি সম্পর্কযুক্ত কোন অনিয়মের কারণে সংশ্লিষ্ট সিটিওয়াইড কাউন্সিল বা কম্যুনিটি এডুকেশন কাউন্সিলের (সিইসি) পদ থেকে অপসারিত হয়ে থাকলে, কিংবা সংশ্লিষ্ট সিটিওয়াইড কাউন্সিল বা কম্যুনিটি এডুকেশন কাউন্সিলের (সিইসি) কাজের সাথে জড়িত কোন অপরাধে দোষী সাব্যস্ত হয়ে থাকলে; এবং

   d. যে ব্যক্তিগণ কোন অন্য কোন সিটিওয়াইড কাউন্সিল বা সিইসি-এর সদস্য।

3. এছাড়াও নিচের ব্যক্তিগণও যোগ্য নন:

   a. প্যানেল ফর এডুকেশন পলিসি-এর সদস্যগণ;

   b. যে সদস্যগণ পিএ/পিটিএ, স্কুল লিডারশিপ টিম, ডিস্ট্রিক্ট প্রেসিডেন্ট কাউন্সিল, বরো হাই স্কুল কাউন্সিল, টাইটেল ওয়ান কমিটি বা কম্যুনিটি স্কুল বোর্ড থেকে সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশন, টিম, কাউন্সিল, কমিটি বা বোর্ডের কাজের সাথে সরাসরি জড়িত কোন দায়িত্বে অবহেলার কারণে বা সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশন, টিম, কাউন্সিল, কমিটি বা বোর্ডের কাজের সাথে সরাসরি জড়িত অপরাধের কারণে দোষী সাব্যস্ত হওয়ার কারণে অপসারিত হয়ে থাকলে; এবং

   c. যে ব্যক্তিদের সাথে ডিওই এথিক্স অফিসার বা চ্যান্সেলরের নিযুক্তিপ্রাপ্ত অন্যান্যদের দ্বারা নিউ ইয়র্ক সিটির স্বার্থের দ্বন্দ্ব সংক্রান্ত আইনের ভিত্তিতে আর্থিক স্বার্থের দ্বন্দ্ব থাকবে বলে চিহ্নিত করে দিয়েছেন, তারা।

[১] সংজ্ঞা অনুযায়ী পিতামাতা তিনিই, যিনি পিতা কিংবা মাতা (জন্মদাতা বা পালিত পিতামাতা, সৎ পিতামাতা বা তত্ত্বাবধানকারী পিতামাতা), আইনি অভিভাবক, বা সন্তানের সাথে পিতামাতাসুলভ সম্পর্কে আবদ্ধ। সন্তানের সাথে পিতামাতাসুলভ সম্পর্কে আবদ্ধ তিনি, যিনি সন্তানের তত্ত্বাবধানের জন্য সরাসরি দায়বদ্ধ এবং পিতামাতা বা আইনি অভিভাবকের অবর্তমানে সন্তানের রক্ষণাবেক্ষণের নিয়মিত দায়িত্বপ্রাপ্ত।

B. শিক্ষার্থী

হাই স্কুলের শিক্ষার্থী যারা কোন দ্বিভাষী বা ইএসএল কর্মসূচিতে অন্তর্ভুক্ত আছে বা অন্তর্ভুক্ত হবে, এবং সিসিইএলএল-এর সদস্য হিশেবে কাজ করার বছরে যারা হাই স্কুলের সিনিয়র ক্লাসে পড়বে, তারা সিসিইএলএল-এ কাজ করার যোগ্য। এই প্রবিধানের প্রয়োজনে ৩০ হাই স্কুল ক্রেডিট অর্জনকারী শিক্ষার্থীকে সিনিয়র শিক্ষার্থী হিশেবে বিবেনা করা হবে।

II. *পিতামাতার মনোনয়ন*

A. যেসব পিতামাতা সিসিইএলএল-এ কাজ করতে আগ্রহী, তারা একটি আবেদনপত্র পূরণ করে এবং অনলাইনে www.powertotheparents.org[2] ওয়েব সাইটে একটি স্বীকৃতিপত্র জমা দিয়ে নিজেদেরকে মনোনয়ন করতে পারবেন। অফিস ফর ফ্যামেলি এনগেজমেন্ট অ্যান্ড অ্যাডভোকেসি (ওফিয়া) ওয়েবসাইটে মনোনয়নের সময়সীমা জানিয়ে দেবে। যেসব পিতামাতাদের ইন্টারনেট ব্যবহারের সুযোগ নেই, তারা ইন্টারনেট সংযুক্ত কম্পুটার ব্যবহার করা যাবে এমন সব স্কুল ও স্থানীয় সংগঠনের তালিকার জন্য ওফিয়ার সাথে যোগাযোগ করতে পারেন।

B. প্রত্যেক মনোনীত ব্যক্তির আবেদনপত্রের অংশবিশেষ (নাম, সন্তান যে হাই স্কুলে পড়ছে, জীবন-বৃত্তান্ত ও কর্মকাণ্ডের বিবৃতি, ব্যক্তিগত বিবৃতি এবং স্কুলের আকার) সবার দেখার www.powertotheparents.org ওয়েবসাইটে অন্তর্ভুক্ত করা হবে।

III. *নির্বাচকমণ্ডলী*

প্রতিটি কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট ও বরো-এর প্রেডিডেন্টস্ কাউন্সিল এবং ডিস্ট্রিক্ট ৭৫ প্রত্যেকে একজন করে ইএলএল শিক্ষার্থীর পিতামাতাকে তাদের সদস্যমণ্ডলীর মধ্য থেকে সিসিইএলএল সদস্য নির্বাচকমণ্ডলীর সদস্য হিশেবে কাজ করার জন্য মনোনীত করবেন। যদি প্রেডিডেন্টস্ কাউন্সিলে কোন ইএলএল শিক্ষার্থীর পিতামাতা না থাকেন, প্রেসিডেন্ট কাউন্সিলকে ডিস্ট্রিক্ট-এর ইএলএল শিক্ষার্থীদের পিতামাতাদেরকে একজন সিসিইএলএল সদস্য নির্বাচক হিশেবে স্বেচ্ছায় কাজ করতে এগিয়ে আসার জন্য অনুরোধ জানাতে হবে। এসব প্রেসিডেন্ট কাউন্সিলকে স্বেচ্ছায় কাজ করতে আগ্রহীদের মধ্য থেকে একজন পিতামাতাকে সিসিইএলএল-এর সদস্য নির্বাচক হিশেবে কাজ করার জন্য মনোনীত করতে হবে। যেসব পিতামাতা সিসিইএলএল নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করবেন, তারা নির্বাচক হিশেবে কাজ করতে পারবেন না।

IV. *পিতামাতা ও কম্যুনিটির মতামত*

A. প্রার্থী ফোরাম

অফিস অব ফ্যামেলি এনগেজমেন্ট অ্যান্ড অ্যাডভোকেসি কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট, বরো এবং ডিস্ট্রিক্ট ৭৫ প্রেসিডেন্ট কাউন্সিলের সহায়তা নিয়ে প্রতিটি বরোতে একটি প্রার্থী ফোরাম আহ্বান করবে যেখানে প্রার্থীগণ নির্বাচকমণ্ডলী এবং পিতামাতা ও অন্যান্য আগ্রহী পক্ষদের সামনে নিজেদের উপস্থাপন করার সুযোগ পাবেন।

B. সুপারিশমূলক ভোট

প্রার্থী ফোরাম শেষে ডিস্ট্রিক্ট ৭৫সহ প্রতিটি বরোর প্রতিটি ডিস্ট্রিক্ট-এর জন্য www.powertotheparents.org ওয়েবসাইটে একটি অনলাইন সুপারিশমূলক ভোট নেয়া হবে। কম্যুনিটি ডিস্ট্রিক্ট পর্যায়ে এ ধরনের সুপারিশমূলক ভোট সকল কম্যুনিটি ডিস্ট্রিক্ট-এর পড়ুয়া সকল ইএলএল শিক্ষার্থীদের পিতামাতাদের জন্য উন্মুক্ত থাকবে। বরো পর্যায়ে এ ধরনের সুপারিশমূলক ভোট বরোর সকল হাই স্কুল শিক্ষার্থীদের পিতামাতাদের জন্য উন্মুক্ত থাকবে। ডিস্ট্রিক্ট ৭৫-এর সুপারিশশূলক ভোট সেসব ডিস্ট্রিক্ট-এর ইএলএল শিক্ষার্থীদের পিতামাতাদের জন্য উন্মুক্ত থাকবে। ওফিয়া সুপারিশমূলক ভোটের একটি সময়সীমা বেঁধে দেবে। এই সময়ের মধ্যে সকল ইএলএল শিক্ষার্থীর পিতামাতা তাদের সন্তানদের ওসিস নম্বর এবং পাসওয়ার্ড হিশেবে সংশ্লিষ্ট জিপ কোড ব্যবহার করে ভোট দিতে পারবেন। লগ ইন করার পর সিসিইএলএল-এর প্রার্থীদের নাম একটি ব্যালট পেপারে তালিকাভুক্ত দেখতে পাবেন। পিতামাতাগণ তারপর সর্বোচ্চ নয়জন পর্যন্ত প্রার্থীদের ফল নির্ধারক নয় এমন সুপারিশমূলক ভোট দেবেন। একটি স্বাধীন প্রতিষ্ঠান যারা সুপারিশমূলক ভোটের ব্যবস্থাপনার দায়িত্বে আছেন, তারা প্রতিটি ডিস্ট্রিক্ট বা বরোর নির্বাচকমণ্ডলীর কাছে এই ভোটের ফল পাঠিয়ে দেবেন।

V. *মনোনয়ন প্রক্রিয়া*

A. পিতামাতা সদস্য মনোনয়ন

1. নির্বাচকমণ্ডলীকে ভোট দেয়ার জন্য www.powertotheparents.org ওয়েবসাইটে লগ অন করতে হবে। লগ অন করার পর নির্বাচকগণ সিসিইএলএল-এর সকল প্রার্থীদের নাম একটি ব্যালট পেপারে তালিকাভুক্ত দেখতে পাবেন। প্রত্যেক ভোটারকে ২জন প্রার্থী মনোনয়ন করতে হবে। ওফিয়া নির্বাচকমণ্ডলীদেরকে ভোটদান সম্পর্কে আরও তথ্য দেবে।

2. ভোট গণনা:

   a. অধিক ভোট লাভকারী নয়জন প্রার্থীকে তাদের যোগ্যতা যাচাই সাপেক্ষে নির্বাচিত বলে ঘোষণা করা হবে। তবে ধারা V.A.2.c-এর ব্যতিক্রম ছাড়া সিসিইএলএল-এ কোন স্কুল থেকেই একাধিক পিতামাতা প্রতিনিধি মনোনীত হতে পারবে না।

[2] পিতামাতা শুধু একটি কর্মুনিটি বা সিটিওয়াইড কাউন্সিলে আবেদন করতে পারবেন।

b. একই ডিস্ট্রিক্ট থেকে যদি একাধিক প্রার্থী মনোনয়ন লাভ করেন, অধিক ভোট লাভকারী প্রার্থীকে নির্বাচিত বলে ঘোষণা করা হবে। স্কুলের কম ভোট পাওয়া অন্য প্রার্থীকে বিবেচনা থেকে সরিয়ে নেয়া হবে এবং যে স্কুলের কোন প্রতিনিধি সিসিইএলএল-এ নেই এমন ডিস্ট্রিক্ট-এর পরবর্তী অধিক ভোট অর্জনকারী প্রার্থীকে শর্তসাপেক্ষে নির্বাচিত বলে ঘোষণা দেয়া হবে।

c. ধারা V.A.2.b-এ যে নিষেধের কথা বলা হয়েছে, সে নিষেধের শর্ত আরোপের ফলে যেখানে নয় জনের কম প্রার্থী মনোনীত হবে, এমন পরিস্থিতিতে এই শর্তটি প্রয়োগ করা হবে না।

3. যদি দুই বা অধিক প্রার্থীর ভোট সমান হয়ে যায়, অথবা প্রাথমিকভাবে নয়জনের কম প্রার্থী নির্বাচিত হন, তাহলে একটি রান-অফ নির্বাচন অনুষ্ঠান করা হবে। এসব ক্ষেত্রে প্রত্যেক নির্বাচক একজন প্রার্থীকে ভোট দেবেন।

a. যেসব ক্ষেত্রে একটি সিসিইএলএল-এ সমান ভোটের কারণে এক বা একাধিক আসনে রান-অফের প্রয়োজন পড়ে সেসব ক্ষেত্রে যাদের ভোট সমান শুধু তারাই নির্বাচন করার জন্য যোগ্য হবেন।

b. যেসব ক্ষেত্রে সমান ভোট ব্যতীত অন্য কোন কারণে এক বা একাধিক আসনে রান-অফের প্রয়োজন হয় সেসব ক্ষেত্রে এক স্কুল থেকে শুধু একজন পিতামাতা নির্বাচনের শর্ত সাপেক্ষে এখনও নির্বাচিত হননি এমন সব প্রার্থী রান-অফ নির্বাচন করার জন্য যোগ্য হবেন।

c. যদি রান-অফ নির্বাচনের পরে সব আসন পূর্ণ না হয়, ডিপার্টমেন্ট অব এডুকেশনের পক্ষে যে স্বাধীন প্রতিষ্ঠান নির্বাচন প্রক্রিয়া ব্যবস্থাপনার দায়িত্ব পালন করেন, তারা উপরে উল্লিখিত ধারা V.A.3.a এবং V.A.3.b পালন সাপেক্ষে লটারির মাধ্যমে বিজয়ী নির্বাচন করবেন। তবে প্রাথমিক ভোট ও রান-অফ ভোটে, উভয় বেলায় কোন প্রার্থী শূন্য ভোট পেলে কাউন্সিলে সে পদটি শূন্য বলে বিবেচিত হবে যা এই প্রবিধানের ধারা IX.A.2 এবং IX.A.3 অনুযায়ী পূরণ করা হবে।

4. যদি কোন বরোর একজন নির্বাচিত প্রার্থী অযোগ্য বিবেচিত হন বা কিংবা মনোনয়ন প্রক্রিয়া শেষ হওয়ার পর অথচ নির্বাচন বছরের ২৫ জুন তারিখে বা তার আগে অযোগ্য বিবেচিত হন, তাহলে প্রাথমিক নির্বাচন প্রক্রিয়ায় যে-প্রার্থী দ্বিতীয় সর্বাধিক ভোট লাভ করেছেন, যদি তার প্রতিনিধিত্বকারী ডিস্ট্রিক্ট-এর কোন প্রতিনিধি সিসিইএলএল-এ নির্বাচিত না হয়ে থাকে, তিনি শর্তসাপেক্ষে নির্বাচিত বলে গণ্য হবেন।[3] যদি উপর্যুক্ত অগ্রগামী প্রার্থীদের ভোট সমান হয়ে যায় তাহলে ডিপার্টমেন্ট অব এডুকেশনের পক্ষ থেকে নির্বাচন প্রক্রিয়া পরিচালনাকারী স্বাধীন এজেন্ট লটারির মাধ্যমে বিজয়ী নির্ধারণ করবেন।

5. পিতামাতা সদস্য দুই বছর মেয়াদে নির্বাচিত হবেন এবং কতোবার নির্বাচিত হতে পারবেন তার সীমা নেই।

B. নিউ ইয়র্ক সিটির পাবলিক অ্যাডভোকেটের নিযুক্তি

নিউ ইয়র্ক সিটির পাবলিক অ্যাডভোকেট দুইজন ভোটাধিকারী সদস্য নিযুক্তি দেবেন। উক্ত সদস্য দুইজনকে নিউ ইয়র্ক সিটির বাসিন্দা হতে হবে এবং ইংরেজি ভাষা শিক্ষার্থীদের শিক্ষা সম্পর্কে ব্যাপক অভিজ্ঞতা ও জ্ঞান থাকতে হবে এবং নিউ ইয়র্ক সিটির স্কুলসমূহে দ্বিভাষী ও ইএসএল কর্মসূচির মান উন্নয়নে উল্লেখযোগ্য ভূমিকা রাখতে পারবেন। এ ধরনের সদস্যরা দুইবছর মেয়াদে দায়িত্বপালন করেন এবং কতোবার নির্বাচিত হতে পারবেন তার সীমা নেই।

C. শিক্ষার্থী সদস্যের নিযুক্তি (ভোটাধিকারহীন)

প্রতিবন্ধী ও ইংরেজি ভাষা শিক্ষার্থীদের চিফ অ্যাচিভমেন্ট অফিসার সিসিইএলএল-এ কাজ করার জন্য চিফ অ্যাচিভমেন্ট অফিসারের স্থির করা প্রক্রিয়া ব্যবহার করে একজন হাই স্কুলের সিনিয়র শিক্ষার্থী মনোনয়ন করবেন যে একজন দ্বিভাষী বা ইএসএল কর্মসূচির শিক্ষার্থী।

[3] নির্বাচন বছরের ২৫ জুনের পর অযোগ্য বিবেচিত হওয়ার ক্ষেত্রে এই প্রবিধানের সেকশন IX.A.2 ও IX.A.3-তে বর্ণিত শূন্য আসন পদ্ধতি প্রযোজ্য হবে।

VI. *যোগ্যতা/উপযুক্ততা পর্যালোচনা*

শর্তসাপেক্ষে পিতামাতা প্রার্থী নির্বাচনের পরে, কিন্তু তাদের দায়িত্ব বুঝে পাওয়ার আগে, তিনি সিসিইএলএল-এ কাজ করার যোগ্য কী না তা চ্যান্সেলর বা তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি নির্ধারণ করবেন। যদি চ্যান্সেলর নিশ্চিত হন যে কোন প্রার্থী যোগ্য নন, চ্যান্সেলরের লিখিত সিদ্ধান্ত জানানোর সাত দিনের মধ্যে ফ্যামেলি এনগেজমেন্ট অফিসের বরো ও সেন্ট্রাল অফিসসমূহে সাধারণের দেখার জন্য প্রকাশ করা হবে। এ ধরনের সিদ্ধান্ত জারির ক্ষেত্রে বাস্তব ও আইনি ভিত্তি অন্তর্ভুক্ত করতে হবে। যখন কোন প্রার্থীকে চ্যান্সেলর অযোগ্য বলে ঘোষণা করবেন, বরোর দ্বিতীয় সর্বাধিক ভোটপ্রাপ্ত প্রার্থীকে মনোনীত করা হবে এই শর্তে যে সে ডিস্ট্রিক্ট থেকে ইতোমধ্যে সিসিইএলএল-এ কেউ প্রতিনিধিত্ব করছেন না।

VII. *মেয়াদ*

প্রাথমিক সিসিইএলএল-এর এ ধরণের সদস্য নির্বাচন হবে ২০১০ সালের মে মাসের দ্বিতীয় মঙ্গলবার, যার কার্যকাল শুরু হবে ১ জুলাই, ২০১০ সালে এবং শেষ হবে ৩০ জুন, ২০১১ সালে। পরবর্তী সকল সিসিইএলএল সদস্য নির্বাচন হবে ২০১১, ২০১৩, ২০১৫ এবং প্রত্যেক দুই বছর পর পর মে মাসগুলোর দ্বিতীয় মঙ্গলবার এবং নির্বাচন পরবর্তী ১ জুলাই কার্যকাল শুরু হবে। নির্বাচন প্রক্রিয়া চলবে ৯০ দিনব্যাপী। এর মধ্যে আছে প্রক্রিয়া সংক্রান্ত প্রচারণা, পিতামাতার মনোনয়ন, প্রার্থী ফোরাম, হাই স্কুল শিক্ষার্থীদের পিতামাতার সুপারিশ ভোট, এবং নির্বাচকমণ্ডলীর ভোটদান। ফ্যামেলি এনগেজমেন্ট অ্যান্ড অ্যাডভোকেসি এই প্রবিধান বাস্তবায়ন সম্পর্কিত সময়সীমা প্রকাশ করবে।

VIII. *পদত্যাগ*

A. পিতামাতা সদস্য

পিতামাতা সদস্যদেরকে চ্যান্সেলরকে উদ্দেশ্য করে লিখিতভাবে পদত্যাগপত্র দিতে হবে। চ্যান্সেলর তার পক্ষ থেকে পদত্যাগপত্র গ্রহণের জন্য অফিস অব ফ্যামিলি এনগেজমেন্ট অ্যান্ড অ্যাডভোকেসির চিফ এনগেজমেন্ট অফিসারকে দায়িত্ব দিয়েছেন। পদত্যাগপত্র প্রাপ্তির সাথে সাথে বা চিফ ফ্যামেলি এনগেজমেন্ট অফিসারের কাছে নথিভুক্ত হওয়ার পর পরই কার্যকর হবে যদি না আগাম কোন তারিখের কথা, যা কোনক্রমেই হস্তান্তর অথবা দাখিলের তারিখের পরবর্তী ৩০ দিনের পরে হবে না, সুনির্দিষ্টভাবে উল্লিখিত হয়ে থাকে। চ্যান্সেলরের সম্মতি ব্যতীত পদত্যাগপত্র প্রত্যাহার, বাতিল বা সংশোধন করা যাবে না।

B. পাবলিক অ্যাডভোকেটের নিয়োগপ্রাপ্তদের

পাবলিক অ্যাডভোকেটের নিয়োগপ্রাপ্ত সদস্যগণ পাবলিক অ্যাডভোকেট বরাবর লিখিত পদত্যাগপত্র জমা দিতে হবে। পদত্যাগপত্র প্রাপ্তির সাথে সাথে বা পাবলিক অ্যাডভোকেটের কাছে নথিভুক্ত হওয়ার পর পরই কার্যকর হবে যদি না পরবর্তী কোন তারিখের কথা, যা কোনক্রমেই হস্তান্তর অথবা দাখিলের তারিখের পরবর্তী ৩০ দিনের পরে হবে না, সুনির্দিষ্টভাবে উল্লিখিত হয়ে থাকে। পাবলিক অ্যাডভোকেটের সম্মতি ব্যতীত পদত্যাগপত্র প্রত্যাহার, বাতিল বা সংশোধন করা যাবে না।

C. শিক্ষার্থী সদস্য

শিক্ষার্থী সদস্যকে পদত্যাগপত্র চিফ আচিভমেন্ট অফিসার ফর স্টুডেন্ট উইদ ডিসঅ্যাবিলিটিজ অ্যান্ড ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স-এর কাছে লিখিতভাবে দিতে হবে। এই ধরনের পদত্যাগপত্র চিফ আচিভমেন্ট অফিসারের কাছে হস্তান্তর অথবা তার বরাবর দাখিলের পরপর কার্যকর হবে, যদি না পরবর্তী কোন তারিখের কথা, যা কোনক্রমেই হস্তান্তর অথবা দাখিলের পরবর্তী ৩০ দিনের পরে হবে না, সুনির্দিষ্টভাবে উল্লিখিত হয়ে থাকে। চ্যান্সেলরের সম্মতি ব্যতীত ইস্তফাপত্র প্রত্যাহার, বাতিল বা সংশোধন করা যাবে না।

IX. *পদশূন্যতা*

A. পিতামাতা ও পাবলিক অ্যাডভোকেট নিযুক্তদের পদশূন্যতা

1. বৈঠকের কথা যথাযথ উপায়ে অবহিত হওয়ার পরও একজন সিসিইএলএল সদস্য যদি লিখিতভাবে বৈধ কারণ দর্শান ব্যতীত তার দায়িত্বকালে তিনটি সিইসি বৈঠকে উপস্থিত হতে অস্বীকার বা অবহেলা করেন তাহলে তার আসন শূন্য হয়ে যাবে।[4] প্রতিটি অনুপস্থিতি এবং লিখিত অজুহাত উক্ত বৈঠকের আনুষ্ঠানিক কার্যবিবরণীতে লিপিবদ্ধ করা হবে। পাবলিক অ্যাডভোকেট নিযুক্তদের সকল অনুপস্থিতির কথা পাবলিক অ্যাডভোকেট বরাবর সিসিইএলএল-এর প্রশাসনিক দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি বা প্রেসিডেন্টকে জানাতে হবে। সিসিএসই এবং সিসিইএলএল-এর নিযুক্তিপ্রাপ্তদের সকল অনুপস্থিতি কাউন্সিলের অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাসিস্ট্যান্ট বা প্রেসিডেন্ট বরো প্রেসিডেন্টকে অবহিত করবেন। অমঞ্জুরকৃত তৃতীয় অনুপস্থিতির পর সিসিইএলএল একটি সূচিভুক্ত বৈঠকে সিদ্ধান্তক্রমে উক্ত আসন শূন্য ঘোষণা করবে এবং এই পদক্ষেপের কথা চ্যান্সেলরকে (এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে পাবলিক অ্যাডভোকেটকে) জানাবে।

2. পদত্যাগ হোক বা পিতামাতা সদস্যের পদচ্যুতির কারণেই হোক, যখন সিসিইএলএল-এ কোন পদ খালি হবে,

[4] উল্লিখিত বিষয়গুলো অনুপস্থিতির কারণ হিসাবে গ্রহণযোগ্য: আত্মীয়ের মৃত্যু বা আত্মীয়ের শেষকৃত্যে যোগদান; সিইসি সদস্য বা পারিবারিক সদস্যের মারাত্মক অসুখ বা জখম; জুরি দায়িত্বপালনসহ বাধ্যতামূলক কোর্ট হাজিরা; সামরিক দায়িত্ব; কাজ-সংক্রান্ত দ্বন্দ্ব যা সিইসি বৈঠকে গরহাজিরা অনিবার্য করে; এবং সিইসি কর্তৃক যথাযথ বলে গৃহীত অন্যান্য কারণ।

সিসিইএলএলকে একটি উন্মুক্ত সভায় সে শূন্য আসন পূরণ করতে হবে। পিতামাতার সদস্যপদ পূরণ করার জন্য লিখিত সুপারিশ করার এবং শূন্য আসন পূরণ করার আগে সিসিইএলএল-এর সাথে দ্বিভাষী ও ইএসএল কর্মসূচির শিক্ষার্থীদের পিতামাতার সাথে আলোচনার সুযোগ দিতে হবে। পাবলিক অ্যাডভোকেটের নিযুক্ত পদ খালি হলে মেয়াদের অবশিষ্ট সময়ের জন্য পাবলিক অ্যাডভোকেটএকজন সদস্য নিযুক্ত করে দেবেন।

3. যদি সমান সমান ভোট পাওয়ার কারণে সিসিইএলএল ৬০ দিনের মধ্যে শূন্য পদ পূরণ করতে না পারে, চ্যান্সেলর নিজে ভোট দিয়ে সিদ্ধান্ত দেবেন। অন্য কোন কারণে সিসিএইচএস ৬০ দিনের মধ্যে শূন্য পদ পূরণ করতে না পারলে চ্যান্সেলর শূন্যআসনটি পূরণ করতে পারেন।

B. শিক্ষার্থীর পদ-শূন্যতা

শিক্ষার্থীর পদ শূন্য হলে চিফ আচিভমেন্ট অফিসার ফর স্টুডেন্ট উইদ ডিসঅ্যাবিলিটিজ অ্যান্ড ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স চিফ আচিভমেন্ট অফিসার নির্ধারিত প্রক্রিয়া ব্যবহার করে আরেকজন শিক্ষার্থীকে মনোনীত করবেন। চিফ আচিভমেন্ট অফিসার সিসিইএলএল এবং ফ্যামেলি এনগেজমেন্ট অ্যান্ড অ্যাডভোকেসি অফিসকে এই নিযুক্তির কথা জানিয়ে দেবেন।

X. *অভিযোগ প্রক্রিয়া*

এই প্রবিধান অনুসরণ সংক্রান্ত বিধিভঙ্গের অভিযোগটি অভিযোগ উত্থাপনের পাঁচ (৫) দিনের মধ্যে লিখিতভাবে চ্যান্সেলরের কাছে জমা দিতে হবে এবং এতে অভিযোগের সুনির্দিষ্ট কারণসমূহ অবশ্যই উল্লেখ করতে হবে।

XI. *কারিগরি সহায়তা*

ফ্যামেলি এনগেজমেন্ট অ্যান্ড অ্যাডভোকেসি অফিস এই প্রবিধানে উল্লিখিত পদ্ধতিসমূহ বাস্তবায়ন প্রক্রিয়া তত্ত্বাবধান করবে এবং প্রয়োজনবোধে কারিগরি সহায়তা দেবে।

এই প্রবিধান সংক্রান্ত অনুসন্ধান নিচের ঠিকানায় জানাতে হবে:

ফোন:		ফ্যাক্স:
212-374-2323	*Office for Family Engagement and Advocacy* N.Y.C. Department of Education 49 Chambers Street – Room 503 New York, NY 10007	212-374-0076